রূপালী ব্যাংক লিমিটেড
উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা।

সকল শাখা/বিভাগীয় কার্যালয়/ওয়ার্ক ষ্টেশন/
স্থানীয় কার্যালয়/করপোরেট শাখা/
রূপালী ব্যাংক মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রসহ
প্রধান কার্যালয়ের সকল বিভাগের প্রতি

সার্কুলার নং ঃ প্রকা/উন্নয়ন/০৬
তারিখ ঃ ২৩-০১-২০১২ইং

বিষয় ঃ- আমানত, ঋণ ও অগ্রিমের সুদের হার পরিবর্তন প্রসঙ্গে।

প্রধান কার্যালয়ের উন্নয়ন, পরিকল্পনা ও গবেষণা বিভাগ কর্তৃক ইস্যুকৃত আমানত, ঋণ ও অগ্রিমের সুদের হারের বিষয়ে সার্কুলার নং প্রকা/উন্নয়ন/০৫, তারিখ ০৫-০৫-২০১১-এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বর্তমানে আমানত সংগ্রহের ক্ষেত্রে ব্যয় বৃদ্ধি পাওয়ায় ঋণের ক্ষেত্রে সুদের হার সমন্বয় করার নিমিত্ত পরিচালনা পর্ষদের ২২-০১-২০১২ তারিখে অনুষ্ঠিত ৮৭৭তম সভায় আমানত, ঋণ ও অগ্রিমের উপর সুদের হার পুনঃনির্ধারণ করা হয় যা পর্ষদের একই সভায় নিশ্চিত করা হয়। পুনঃনির্ধারিত সুদের হার ০১-০১-২০১২ তারিখ থেকে কার্যকর হবে।

আমানতের সুদ হার

আমানতের প্রকৃতি	পুনঃনির্ধারিত সুদের হার (০১-০১-২০১২ হতে কার্যকর)
১। **সঞ্চয়ী হিসাব**	৫.০০% বর্তমানে বিনা নোটিশে সপ্তাহে ২ বারের অধিক বা স্থিতির ২৫ ভাগের অধিক বা ১০,০০০/- এর অধিক উত্তোলন করলে ঐ মাসের সুদ প্রদান করা হয়না। এ শর্ত শিথিল করে স্থিতির ২৫ ভাগের অধিক উত্তোলন না করলে ৮ তারিখ থেকে মাসের শেষ দিবস পর্যন্ত সর্বনিম্ন স্থিতির উপর সুদ প্রদেয় হবে।
২। **স্পেশাল নোটিশ ডিপোজিট (SND)** ক) ১ কোটি টাকার কম গড় আমানতের ক্ষেত্রে খ) ১ কোটি টাকা ও তদুর্ধ্ব কিন্তু ২৫ কোটির কম গড় আমানতের ক্ষেত্রে গ) ২৫ কোটি টাকা ও তদুর্ধ্ব কিন্তু ৫০ কোটির কম গড় আমানতের ক্ষেত্রে ঘ) ৫০ কোটি টাকা ও তদুর্ধ্ব কিন্তু ১০০ কোটির কম গড় আমানতের ক্ষেত্রে ঙ) ১০০ কোটি টাকা ও তদুর্ধ্ব গড় আমানতের ক্ষেত্রে	 ৫.০০% ৫.৫০% ৬.০০% ৬.৫০% ৭.০০%
৩। **স্থায়ী আমানত**	
১ মাস হতে ১ বছর মেয়াদ	১২.০০% ১/২ মাস মেয়াদি আমানত সর্বনিম্ন ৫ (পাঁচ) লক্ষ বা তদুর্ধ্ব হতে হবে
৪। **রূপালী মাসিক সঞ্চয়ী স্কীম "স্বপ্ন" (RMSS)** মেয়াদ ৬/৪/২ বছর, মাসিক কিস্তি ১০০০ হতে ২৫,০০০/-	৯.৫০ হতে ১০.৫০%
৫। **রূপালী মাসিক মুনাফা স্কীম "রূপসী" (RMPS)** (মেয়াদ- ৫ বছর, সুদের হার-১২%)	অন্যান্য নিয়মাবলী অপরিবর্তিত রেখে সুদের হার ১২.২৫% এবং স্কীমের মেয়াদ ৩ বছর হবে
৬। **রূপালী দ্বিগুণ বৃদ্ধি স্কীম (RDBS)** সর্বনিম্ন জমা ১০,০০০/-	১২.২৫% ৬ বছরে দ্বিগুণ
৭। **রূপালী তিন গুণ বৃদ্ধি স্কীম (RTBS)** সর্বনিম্ন জমা ৫০,০০০/-	১২.২৫% সাড়ে ৯ বছরে তিন গুণ
৮। **আরডিএস** ক) ৫ বৎসর খ) ১০ বৎসর	৭.০০%
৯। **আরএমইএস** (রূপালী মাসিক উপার্জন স্কীম) ক) ৩ বৎসর খ) ৫ বৎসর	 ৮.০০% ৮.৫০%

ঋণের উপর সুদ হার

ঋণের প্রকৃতি	পুনঃনির্ধারিত সুদের হার
১। (ক) **মেয়াদি ঋণ** (Term Loan)	১৫.০০% ক) তবে মেয়াদকালে ২টি কিস্তি খেলাপী হলে খেলাপী হওয়ার তারিখ থেকে (খেলাপী কিস্তির উপর) প্রযোজ্য হার + অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করতে হবে। তবে অতিরিক্ত সুদসহ খেলাপী কিস্তি পরিশোধ হলে পূর্বের প্রযোজ্য হার বলবৎ হবে খ) কিন্তু পুনরায় যদি কিস্তি খেলাপী হয় সেক্ষেত্রে খেলাপী হওয়ার তারিখ থেকে প্রযোজ্য হার + অতিরিক্ত ২% হারে সুদ প্রযোজ্য হবে গ) ঋণের পূর্ব নির্ধারিত সময়সীমা (Expriy Date) বর্ধিত করে ঋণ পুনঃতফসিল করা হলে সেক্ষেত্রে ঐ ঋণের জন্য নির্ধারিত সুদ হার + ২% অতিরিক্ত সুদ আরোপযোগ্য হবে ঘ) ঋণের পূর্বনির্ধারিত সময়সীমা (Expriy Date) অপরিবর্তিত রেখে ঋণ পুনঃতফসিল করা হলে সেক্ষেত্রে ঐ ঋণের জন্য নির্ধারিত সুদ হার + ১% অতিরিক্ত সুদ আরোপযোগ্য হবে

চলমান পাতা

ঋণের প্রকৃতি	পুনঃনির্ধারিত সুদের হার
(খ) চলতি মুলধন ঋণ (Working Capital) সিসি প্লেজ ও সিসি হাইপো (ট্রেডিং ঋণসহ)	১৬.০০% ক) তবে ধান, চাল, গম ও ভুট্টার ক্ষেত্রে ৪৫ দিনের মধ্যে যদি অন্ততপক্ষে ১ (এক) বার সাময়িক সমন্বয় না হয় সেক্ষেত্রে প্রযোজ্য হার + অতিরিক্ত ২% হারে সুদ আরোপযোগ্য হবে খ) ধান, চাল, গম ও ভুট্টা ব্যতীত অন্যান্য ঋণের ক্ষেত্রে ১২০ দিনের মধ্যে যদি অন্ততপক্ষে ১ (এক) বার সাময়িক সমন্বয় না হয় সেক্ষেত্রে প্রযোজ্য হার + অতিরিক্ত ২% হারে সুদ আরোপযোগ্য হবে
২।(ক) **শহরে আবাসিক গৃহ নির্মাণ ঋণ** (খ) **বাণিজ্যিক গৃহ নির্মাণ ঋণ**	১৬.০০% ১৭.০০% ক) তবে মেয়াদকালে ২টি কিস্তি খেলাপী হলে খেলাপী হওয়ার তারিখ হতে প্রযোজ্য হার + অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করতে হবে। তবে অতিরিক্ত সুদসহ খেলাপী কিস্তি পরিশোধ হলে পূর্বের প্রযোজ্য হার বলবৎ হবে খ) কিন্তু পুনরায় যদি কিস্তি খেলাপী হয় সেক্ষেত্রে খেলাপী হওয়ার তারিখ হতে প্রযোজ্য হার + অতিরিক্ত ২% হারে সুদ প্রযোজ্য হবে
৩। **কর্মচারী ঋণ** (কর্মচারী গৃহ নির্মাণ ঋণ)	১.৭.১৯৮৫ইং এর পূর্বের মঞ্জুরীকৃত ঋণের ক্ষেত্রে ৪% এবং তৎপরবর্তিতে গৃহীত ঋণের জন্য সময়ে সময়ে প্রবর্তিত ব্যাংক রেট
৪। **এফডিআর ও বিভিন্ন স্কীমের বিপরীতে ঋণ**	প্রদেয় সুদের ৩% অধিক/ ইস্তেহারে বর্ণিত হার অনুযায়ী
৫। **ওভার ড্রাফট (OD) ও অন্যান্য**	১৬.০০%
৬। **কৃষি ঋণ**	বাংলাদেশ ব্যাংকের নির্দেশ মোতাবেক ডাল, মসলা, তৈল বীজ ও ভুট্টা জাতীয় ঋণের উপর ৪.০০% হারে এবং অন্যান্য কৃষি ঋণের ক্ষেত্রে সুদের হার ১২.০০% অপরিবর্তিত থাকবে
৭। **এসএমই খাতে ঋণ**	১৫.০০% তবে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পুনঃঅর্থায়নকৃত হলে সেক্ষেত্রে পুনঃঅর্থায়নের সুদ হার + ৫% হারে সুদ আরোপিত হবে
৮। **আমদানি ঋণ** ক) PAD (মেয়াদ সর্বোচ্চ ২১ দিন)	১৬.০০% (তবে কোন কারণে ২১ দিনের মধ্যে PAD সমন্বিত না হলে অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করা হবে)
খ) LIM (শিল্প ক্ষেত্রে মেয়াদ- ৬০দিন এবং ব্যবসায়ী ক্ষেত্রে- ৪৫ দিন)	১৬.০০% (তবে অনুমোদন শর্তানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে LIM সমন্বিত না হলে অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করা হবে)
গ) LTR (মেয়াদ সর্বোচ্চ ১২০ দিন)	১৬.০০% (তবে অনুমোদন শর্তানুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সমন্বিত না হলে অতিরিক্ত ২% হারে সুদ আরোপ করা হবে)
৯। **একসেপ্টেড বিলের বিপরীতে সৃষ্ট ফোর্সড লোন**	১৮.০০%
১০। **রপ্তানি ঋণ** ক) তৈরী পোশাক খ) হিমায়িত খাদ্য/মৎস্য রপ্তানি খাত গ) চামড়া রপ্তানি খাত (প্রি-শিপমেন্ট/প্যাকিংক্রেডিট) ঘ) পাট রপ্তানি খাত (প্যাকিং ক্রেডিট/অন্যান্য)	৭.০০% + ২.০০% তহবিল খরচ ক) Sight Bill-এর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে রপ্তানী ঋণপত্রের মেয়াদ + ২১ দিন এবং Usance Bill-এর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে Usance period + ৮ দিন খ) মেয়াদোত্তীর্ণ সম্পন্ন বা আংশিক ঋণ স্থিতির উপর বাণিজ্যিক ঋণের সুদহার আরোপযোগ্য হবে
১১। **নগদ সহায়তার বিপরীতে প্রদত্ত অগ্রিম (সাময়িক)**	বাণিজ্যিক ঋণের জন্য প্রযোজ্য সুদের হারের ন্যায়
১২। **এফবিপি হিসাব**	Sight Bill-এর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে ২১ দিন এবং Usance Bill-এর ক্ষেত্রে ঋণের মেয়াদ হবে Usance Period + ৮ দিন । মেয়াদোত্তীর্ণের তারিখ থেকে বাণিজ্যিক ঋণের জন্য প্রযোজ্য সুদ আদায়যোগ্য হবে
১৩। **আইবিপি**	বাণিজ্যিক ঋণের জন্য প্রযোজ্য সুদ হার আদায়যোগ্য হবে

আমানত, ঋণ ও অগ্রীমের পুনঃনির্ধারিত সুদের হারের বিষয়ে নিম্নলিখিত নির্দেশনাবলী পরিপালন ও অনুসরণ করার জন্য পরামর্শ দেয়া হলো-

১। রপ্তানি ঋণের যেসকল ক্ষেত্রে ৭% এর অতিরিক্ত ২% তহবিল ব্যয় ধার্য করা হয়েছে, তা আদায়ের ব্যাপারে সংশ্লিষ্ট সকল গ্রাহককে জানাতে হবে। তহবিল ব্যয় বাবদ অতিরিক্ত ২% প্রদানের ব্যাপারে যদি কোন গ্রাহকের অসম্মতি থাকে তবে তা লিখিতভাবে ৭ (সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট শাখাকে অবহিত করতে হবে। উক্ত ৭ (সাত) দিনের মধ্যে লিখিত পত্র পাওয়া না গেলে সেক্ষেত্রে গ্রাহকের সম্মতি রয়েছে বলে গণ্য করা হবে। যদি কোন গ্রাহক এ ব্যাপারে অসম্মতি ব্যক্ত করেন, তবে সংশ্লিষ্ট খাতে ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণের সুদসহ সমুদয় পাওনা ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করতে হবে । অন্যথায় বর্ধিত তহবিল ব্যয় বাবদ অতিরিক্ত ২% যথারীতি প্রযোজ্য হবে

২। ব্যবস্থাপনা পরিচালক প্রয়োজনে প্রাইম কাষ্টমার ও নিয়মিত ঋণ গ্রহীতাদের ক্ষেত্রে কেইস টু কেইস বিবেচনায় ঋণের উপর সুদের হার প্রচলিত হারের চেয়ে কম হারে এবং আমানতের ক্ষেত্রে অর্থের পরিমাণ এবং সময় বিবেচনায় প্রয়োজনে উল্লেখিত হারের চেয়ে কম/বর্ধিত হারে সুদ প্রদানের অনুমোদন করতে পারবেন

৩। প্রতিটি ঋণ/অগ্রীম-এর অনুমোদনপত্রে "সুদের হার পরিবর্তনশীল"-এ মর্মে একটি শর্ত সংযোজন করতে হবে

৪। পুনঃনির্ধারিত সুদের হার অপেক্ষা অধিক হারে স্থায়ী আমানত সংগ্রহ/নবায়ন এবং এসএনডি আমানতের উপর সুদ প্রদান ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের পূর্বানুমোদন ব্যতীত প্রদান করা যাবেনা

৫। গ্রাহকের সুবিধার্থে সুদের হারের তালিকা সকল শাখায় প্রকাশ্য স্থানে প্রতিস্থাপন এবং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ-এ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে

৬। জারীকৃত সার্কুলারের কোন প্রকার ব্যাখ্যার প্রয়োজন হলে অত্র বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো

(আবু মোঃ ছায়েদুল ইসলাম)
বিজনেস ডেভেলপমেন্ট স্পেশালিস্ট

(দেবাশীষ চক্রবর্ত্তী)
মহাব্যবস্থাপক (উন্নয়ন)